ঘরে থাকি * সামাজিক দূরত্ব বজায় রাখি *
করোনাভাইরাস সংক্রমণ রোধ করি * জীবন বাঁচাই
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

নম্বর ৩৭.০২.০০০০.১০২.৯৯.০০১.২০.১৪ তারিখ: ১৭ বৈশাখ ১৪২৭
৩০ এপ্রিল ২০২০

বিজ্ঞপ্তি

বিষয়: **নতুন এমপিওভুক্ত/এমপিওস্তর পরিবর্তনকৃত শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল ও কলেজ)-এর শিক্ষক-কর্মচারীগণের মে, ২০২০ মাসের জন্য অনলাইনে এমপিও'র আবেদন প্রেরণ/প্রক্রিয়াকরণের সময়সীমা ও নির্দেশনা।**

**১) প্রতিষ্ঠানের ধরণ: নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়**

ক) আবেদন শুরুর তারিখ: ০২ মে, ২০২০ খ্রি:।

খ) এমপিও পাওয়ার যোগ্য নতুন শিক্ষক-কর্মচারী প্রথমে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ইএমআইএস সিস্টেমে (www.emis.gov.bd) রেজিস্ট্রেশন করবেন। শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল) প্রধানগণ ইএমআইএস সফটওয়্যারে লগ-ইন করে নতুন রেজিস্ট্রেশনকৃত শিক্ষক-কর্মচারীর অনুমোদন প্রক্রিয়া সম্পন্ন করে শিক্ষক-কর্মচারীর এমপিওভুক্তির জন্য আবেদন প্রক্রিয়া শুরু করতে পারবেন। প্রতিষ্ঠান প্রধানগণ ০৪ মে, ২০২০ তারিখের মধ্যে অনলাইনে স্বয়ংসম্পূর্ণ এমপিও আবেদন সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার নিকট প্রেরণ করবেন;

গ) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণ প্রতিষ্ঠান প্রধানগণের নিকট হতে ০৪ মে, ২০২০ তারিখের মধ্যে প্রাপ্ত আবেদনসমূহ ০৬ মে, ২০২০ তারিখের মধ্যে নিষ্পত্তি করবেন;

ঘ) জেলা শিক্ষা কর্মকর্তাগণ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণের নিকট হতে প্রাপ্ত আবেদনসমূহ ০৮ মে, ২০২০ তারিখের মধ্যে নিষ্পত্তি করবেন;

ঙ) আঞ্চলিক উপ-পরিচালকগণ (মাধ্যমিক) জেলা শিক্ষা কর্মকর্তাগণের নিকট হতে প্রাপ্ত আবেদনসমূহ ১৩ মে, ২০২০ তারিখের মধ্যে নিষ্পত্তি করে অনুমোদনকৃত আবেদনসমূহ ই.এম.আই.এস সেলে প্রেরণ করবেন।

**২) প্রতিষ্ঠানের ধরণ: কলেজ (স্কুল এন্ড কলেজের কলেজ পর্যায়, উচ্চ মাধ্যমিক কলেজ এবং ডিগ্রি স্তর)**

ক) আবেদন শুরুর তারিখ: ০২ মে, ২০২০ খ্রি:।

খ) এমপিও পাওয়ার যোগ্য নতুন শিক্ষক-কর্মচারী প্রথমে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ইএমআইএস সিস্টেমে (www.emis.gov.bd) রেজিস্ট্রেশন করবেন। শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল এন্ড কলেজ, উচ্চ মাধ্যমিক কলেজ এবং ডিগ্রি স্তরের কলেজ) প্রধানগণ ইএমআইএস সফটওয়্যারে লগ-ইন করে নতুন রেজিস্ট্রেশনকৃত শিক্ষক-কর্মচারীর অনুমোদন প্রক্রিয়া সম্পন্ন করে শিক্ষক-কর্মচারীর এমপিওভুক্তির জন্য আবেদন প্রক্রিয়া শুরু করতে পারবেন। প্রতিষ্ঠান প্রধানগণ ০৬ মে, ২০২০ তারিখের মধ্যে অনলাইনে স্বয়ংসম্পূর্ণ এমপিও আবেদন সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালকের নিকট প্রেরণ করবেন।

গ) আঞ্চলিক পরিচালকগণ প্রতিষ্ঠান প্রধান হতে ০৬ মে, ২০২০ তারিখের মধ্যে প্রাপ্ত আবেদনসমূহ ১৩ মে, ২০২০ তারিখের মধ্যে নিষ্পত্তি করে অনুমোদনকৃত আবেদনসমূহ ই.এম.আই.এস সেলে প্রেরণ করবেন।

বি.দ্র: এমপিও আবেদন প্রক্রিয়াকরণের এই সময়সীমা শুধুমাত্র নতুন এমপিওভুক্ত/এমপিও স্তর পরিবর্তনকৃত শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল ও কলেজ) এর এমপিও পাবার যোগ্য শিক্ষক-কর্মচারীর মে, ২০২০ মাসের এমপিও আবেদন প্রেরণ ও প্রক্রিয়াকরণের জন্য প্রযোজ্য

হবে। সহায়তার জন্য www.emis.gov.bd ওয়েব-সাইটে আপলোডকৃত নির্দেশিকা দেখা যেতে পারে।

**৩) নতুন এমপিওভুক্ত/এমপিওস্তর পরিবর্তনকৃত প্রতিষ্ঠান প্রধান ও সভাপতি, গভর্নিং বডি/ম্যানেজিং কমিটির প্রতি নির্দেশনা:**

ক) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮ অনুযায়ী কতিপয় শর্তে বিধিমোতাবেক নিয়োগপ্রাপ্ত ও যোগ্যতাসম্পন্ন শিক্ষক কর্মচারীদের বেতনভাতা প্রদানের লক্ষ্যে প্রতিষ্ঠানসমূহ নির্বাচন করা হয়েছে;

খ) এই নির্দেশনা পাওয়ার সাথে সাথে প্রয়োজনীয় প্রকৃত কাগজপত্রসহ অনলাইনে আবেদন করার সকল প্রস্তুতি সম্পন্ন করতে হবে;

গ) বিধি অনুযায়ী নিয়োগপ্রাপ্ত ও যোগ্য শিক্ষক-কর্মচারীগণের বেতনভাতা পাওয়ার লক্ষ্যে অনলাইনে আবেদন করতে হবে;

ঘ) নির্ধারিত সময়ে এমপিও প্রাপ্তির জন্য আবেদন করতে হবে। এর কোনোরূপ ব্যত্যয় ঘটানো যাবে না;

ঙ) আবেদনের সাথে শিক্ষক-কর্মচারীদের বিধি মোতাবেক নিয়োগ ও যোগ্যতা সম্পর্কিত এবং প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত সঠিক কাগজপত্রসমূহ আপলোড করতে হবে;

চ) অনলাইন আবেদন প্রক্রিয়ায় কোনোরূপ অসুবিধা দেখা দিলে সাথে সাথে সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগ করে নির্ধারিত সময়ের মধ্যেই তা নিষ্পত্তি করতে হবে;

ছ) আবেদন প্রক্রিয়ায় কোনোরূপ তথ্য বিভ্রাট বা কাগজপত্রে ভুল/জালিয়াতির জন্য প্রতিষ্ঠান প্রধান ও সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারী যৌথভাবে দায়ী হবেন। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারী ও প্রতিষ্ঠান প্রধানের বিরুদ্ধে বিভাগীয় ও অন্যান্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

জ) গভর্নিং বডি/ম্যানেজিং কমিটির সভাপতি ও প্রতিষ্ঠান প্রধানের যৌথ স্বাক্ষরে ৩০০/= (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে নিম্নরূপ অঙ্গীকারনামা উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার দপ্তরে দাখিল করতে হবে:

**অঙ্গীকারনামা**

"শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের --/--/২০২০ তারিখের ---------------------- নং স্মারকে............ জেলার...............উপজেলা/থানার.....................বিদ্যালয়/কলেজ কে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮ অনুযায়ী কতিপয় শর্তে বিধি মোতাবেক নিয়োগপ্রাপ্ত ও যোগ্যতাসম্পন্ন শিক্ষক কর্মচারীদের বেতনভাতা প্রদানের লক্ষ্যে চূড়ান্তভাবে নির্বাচন করা হয়েছে; এ জন্যে আমরা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুযোগ্য কন্যা, শিক্ষা ও শিক্ষক বান্ধব মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার প্রতি কৃতজ্ঞ। এ পরিপ্রেক্ষিতে আমরা ঘোষণা করছি যে প্রজ্ঞাপনে বর্ণিত শর্তসমূহ আমরা যথানিয়মে পূরণে সচেষ্ট থাকবো। সময়ে সময়ে শিক্ষা মন্ত্রণালয় তথা সরকার কর্তৃক আমাদের ও প্রতিষ্ঠানের জন্য জারিকৃত বিদ্যমান ও ভবিষ্যত সকল আদেশ ও নির্দেশনা প্রতিপালনে আমরা অঙ্গীকারাবদ্ধ।

আমরা আরও ঘোষণা করছি যে, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮ অনুযায়ী বিধিমোতাবেক নিয়োগপ্রাপ্ত ও যোগ্যতাসম্পন্ন শিক্ষক কর্মচারীদের বেতনভাতা প্রদানের লক্ষ্যে আবেদন প্রক্রিয়া যথাযথভাবে সম্পন্ন করা হয়েছে। আবেদনের সাথে প্রেরিত সকল প্রয়োজনীয় সনদ ও কাগজপত্র সঠিক। প্রেরিত কাগজপত্র ও তথ্যে ভবিষ্যতে যদি কোনোরূপ ত্রুটি পাওয়া যায় সেক্ষেত্রে সংশ্লিষ্টদের বিরূদ্ধে গৃহীত যেকোন ব্যবস্থা আমরা মানতে বাধ্য থাকবো।"

৩০-৪-২০২০
প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

২) পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা

৩) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)

৪) মহাব্যবস্থাপক, সোনালী/জনতা/অগ্রণী/রুপালী ব্যাংক লিঃ, ঢাকা (তাঁর ব্যাংকের এমপিও বন্টনকারী শাখাসমূহে নতুন এমপিওভুক্ত/এমপিওস্তর পরিবর্তনকৃত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষক-কর্মচারীগণের ব্যাংক হিসাব খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)

৫) উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা

৬) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)

৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল , মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর

৮) জেলা শিক্ষা কর্মকর্তা, সকল জেলা

৯) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সকল উপজেলা/থানা

১০) সভাপতি, গভর্নিং বডি/ম্যানেজিং কমিটি, নতুন এমপিওভুক্ত/এমপিওস্তর পরিবর্তনকৃত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ

১১) অধ্যক্ষ, নতুন এমপিওভুক্ত/এমপিওস্তর পরিবর্তনকৃত কলেজসমূহ

১২) প্রধান শিক্ষক, নতুন এমপিওভুক্ত/এমপিওস্তর পরিবর্তনকৃত নিম্নমাধ্যমিক/মাধ্যমিক বিদ্যালয়সমূহ

১৩) পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর , মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর

১৪) সংরক্ষণ নথি।